

ফেসবুকে শিক্ষকের মতকা  
ভাসানী বিশ্ববিদ্যালয়ের  
প্রশাসনিক ও একাডেমিক  
ভবনে শিক্ষার্থীদের তালা

■ টাঙ্গাইল প্রতিনিধি

ফেসবুকে রচিত আপত্তিকর মন্তব্য  
করায় একদল শিক্ষকের অপসারণের  
দাবিতে গতকাল শনিবার সকালে  
টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও  
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও  
একাডেমিক ভবনে তালা খুলিয়ে দেয়  
একদল শিক্ষার্থী। এ সময় তারা  
ক্যাম্পাসে টায়ারে আগুন জ্বালিয়ে  
বিক্ষোভ করে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গত  
বুধবার বিশ্ববিদ্যালয়ের সিপিএস  
বিভাগের শিক্ষক জহিরুল ইসলাম তার  
ফেসবুক প্রোফাইলে শয়তান, মাতান  
ও ওস্তাদের দখলে পৃষ্ঠা ২ কলাম ৭

ভাসানী বিশ্ববিদ্যালয়ে

২০ পৃষ্ঠার পর

স্বপ্নের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এমন মন্তব্য করে ট্যাগাস  
দেন। এতে শিক্ষার্থীরা বিফুর হয়ে ওঠে। শনিবার দুপুরে তারা মিছিল নিয়ে  
প্রশাসনিক ভবনে যায় এবং এই শিক্ষকের অপসারণের দাবিতে ভিসি বরাবর  
একটি স্মারকলিপি শ্রী-ভিসির কাছে হস্তান্তর করে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের  
ভিসি প্রফেসর ড. মো. আলআমিন ছুটিতে রয়েছেন।

শিক্ষার্থীদের প্রদত্ত স্মারকলিপিতে এই শিক্ষককে ধর্ম, নারী ও ভাসানী  
বিশ্ববিদ্যালয় সম্পর্কে নেতিবাচক মনোভাবের অধিকারী বলে দাবি করা হয়।  
স্মারকলিপি হস্তান্তরের পর তারা প্রশাসনিক ও একাডেমিক ভবন থেকে সকল  
শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীকে বের করে দিয়ে মূল গেটে তালা লাগিয়ে দেন।